গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭

স্মারক নং- ৪৩.২৫.০০০০.০০৩.৩০.০৮০.২০১৪-১৪৫৮ তারিখ: ১৪ জুন ২০২৬ খ্রী.

# স্পট নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের বিভিন্ন ধরনের ব্যবহার অনুপযোগী/অকেজো মালামালসমূহ (কম্পিউটার ব্যতীত) সংযুক্ত তালিকা অনুযায়ী (যেখানে যে অবস্থায় আছে কম/বেশী) প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। নিলাম ক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে স্পট নিলাম দর আহবান করা যাচ্ছে।

**২। নিলামের সময় ও স্থান:**

| | |
|---|---|
| **তারিখ** | : ২১ জুন, ২০২৬, রবিবার |
| **সময়** | : বেলা ১১:০০টা |
| **স্থান** | : জাতীয় আরকাইভস ভবনের কনফারেন্স কক্ষ (৪র্থ তলা) |

৩। আগ্রহী নিলাম ক্রয়কারীগণকে আগামী **২১ জুন, ২০২৬, রবিবার, সকাল ১১:০০ টায়** স্পটে সরাসরি নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে। তবে নিলাম ক্রয়কারী উক্ত সময়ের পূর্বে অফিস চলাকালীন সময়ে অকেজো মালামাল দেখতে পারবেন । উল্লেখ্য, সর্বোচ্চ নিলাম দরদাতার দর গ্রহণ করা হবে যা তাৎক্ষণিক পরিশোধযোগ্য।

**শর্তাবলী:**

১। নিলামযোগ্য ব্যবহার অনুপযোগী/ অকেজো মালামালসমূহ (কম্পিউটার ব্যতীত) সংযুক্ত তালিকা অনুযায়ী (যেখানে যে অবস্থায় আছে কম/বেশী) নিজ দায়িত্বে সরেজমিন পরিদর্শনপূর্বক নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে । পরবর্তীতে এ সম্পর্কিত কোন আপত্তি/অভিযোগ গ্রহণ করা হবে না।

২। নিলামে অংশগ্রহণকারীকে ১০০০ (এক হাজার) টাকা জামানত (ফেরৎযোগ্য) হিসাবে নিলাম ডাকে অংশগ্রহণ করার পূর্বে কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

৩। নিলাম ক্রয়কারীকে (সর্বোচ্চ দরদাতা) তাৎক্ষনিক উক্ত দরের (নিলাম দর) সাথে ভ্যাট ১৫% এবং আয়কর ১০% যোগ করে সমুদয় অর্থ কর্তৃপক্ষের নিকট চালানের মাধ্যমে জমা দিতে হবে।

৪। নিলাম ক্রয়কারীকে কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে অব্যবহৃত/অকেজো বিভিন্ন ধরনের মালামালসমূহ নিজ ব্যয়ে অপসারণসহ সরিয়ে নিতে হবে।

৫। ব্যবসায়ী/ঠিকাদার হলে ট্রেড লাইসেন্স প্রযোজ্য ক্ষেত্রে এনআইডি, আইটি সনদ যথাসময় জমা প্রদান করতে হবে।

৬। বিধি মোতাবেক ভ্যাট, আইটিসহ সকল সরকারী টেক্সাদি নিলাম ক্রয়কারী কর্তৃক পরিশোধ প্রযোজ্য হবে।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সর্বময় ক্ষমতা নিলাম কমিটি সংরক্ষণ করেন।

৮। নিলাম গ্রহীতা ব্যতীত অন্যান্য ডাককারীদের ফেরতযোগ্য টাকা ফেরত দেয়া হবে।

১৪/৬/২০২৬
মোঃ জামাল উদ্দিন
চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক
ও
সদস্য সচিব, নিলাম কমিটি
ফোন: ২২২২১৮৬৩৯

**অনুলিপি:**

১। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন, অর্থ ও আরকাইভস) এবং আহবায়ক নিলাম কমিটি, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৩। প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে দেয়ার অনুরোধ)।
৪। উপপরিচালক(প্রশাসন), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (স্পট নিলাম ডাক অনুষ্ঠানে উপস্থিত থেকে সার্বিক সহযোগিতার অনুরোধ)
৫। অফিসার ইনচার্জ, শেরেবাংলা নগর থানা, আগারগাঁও, ঢাকা।
৬। পিসি আনসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৭। নোটিশ বোর্ড (জাতীয় আরকাইভস ভবন, জাতীয় গ্রন্থাগার ভবন, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, পর্যটন কর্পোরেশন, )।
৮। অফিস কপি।

CamScanner